সংবাদ

তারিখ ..... 11 JUN 2017
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

09 JUN 2017

# স্কুলগুলোতে কম্পিউটার শিক্ষার ওপর গুরুত্ব দিতে হবে

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

মাইক্রোসফট সাউথ ইস্ট এশিয়া অঞ্চলের প্রধান মিশেল সিমন্স বলেছেন বাংলাদেশ একটি সম্ভাবনাময় দেশ। এখানে স্কুলগুলোতে কম্পিউটার শিক্ষার ওপর গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, বর্তমান সমাজ ব্যবস্থা তথ্যপ্রযুক্তি নির্ভর। প্রযুক্তির অগ্রগতির সঙ্গে সমন্বয় করে আমাদের এগিয়ে যেতে হবে। এ জন্য স্কুল-কলেজগুলোতে তরুণদের আধুনিক প্রযুক্তির সঙ্গে সম্পৃক্ত বেশি করতে হবে। মিশেল সিমন্স বলেন, বাংলাদেশ সরকার বর্তমানে তথ্যপ্রযুক্তির ওপর গুরুত্ব দিচ্ছে। এটা আশার আলো ছড়াচ্ছে। তিনি বলেন, তথ্যপ্রযুক্তি নিয়ে সরকারের ভিশন বাস্তবায়নে সবাইকে এগিয়ে আসতে হবে। মাইক্রোসফট বাংলাদেশের তথ্যপ্রযুক্তিতে সহায়তার জন্য কাজ করবে। তিনি বৃহস্পতিবার সকালে নারায়ণগঞ্জের ভুইয়ারবাগে বিদ্যানিকেতন হাই স্কুলের শেখ রাসেল ডিজিটাল কম্পিউটার ল্যাব পরিদর্শনের সময় স্কুলের শিক্ষার্থী, শিক্ষক, পরিচালনা পরিষদ ও জেলা প্রশাসনের সঙ্গে মতবিনিময়ের সময় একথা বলেন। এ সময় জেলা প্রশাসক রাব্বী মিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ছারোয়ার হোসেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তাসমীম বিনতে শেখ জেবিন, মাইক্রোসফট বাংলাদেশের ডিরেক্টর সোনিয়া বশির কবির, এরিয়া ম্যানেজার সুপর্না রায়, তাবাচ্ছুম সুলতানা, বিদ্যানিকেতন পরিচালনা পরিষদের সভাপতি কাশেম হুমায়ুন, সদস্য সচিব দেলোয়ার হোসেন চুন্নু, নারায়ণগঞ্জ জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আবদুস সালাম, শিক্ষানুরাগী কাসেম জামাল প্রমুখ। জেলা প্রশাসক রাব্বী মিয়া অতিথিদের স্বাগত জানিয়ে বলেন, বর্তমান সরকারের ভিশন ২০২১ বাস্তবায়নের প্রথম লক্ষ্য হচ্ছে তথ্যপ্রযুক্তিতে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া। সে জন্য সরকারের পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে তথ্যপ্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্ব দেয়া হচ্ছে। এ জন্য সারাদেশে সরকার স্কুলগুলোতে পর্যায় ক্রমে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রতিষ্ঠা করা হচ্ছে। তিনি বলেন, আমাদের সন্তানরা মেধায় অনেক সমৃদ্ধ। তাদের মেধার বিকাশ করার সুযোগ সৃষ্টি করে দিতে হবে। এ জন্য তিনি মাইক্রোসফটের সহযোগিতা কামনা করেন। পরে অতিথিরা বিদ্যানিকেতনের কম্পিউটার ল্যাব ও স্মার্ট বোর্ড ক্লাস পরিদর্শন করেন।